

৩৩

শিক্ষক সর্গতির দাবী

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি জনাব কামরুজ্জামান ও সাধারণ সম্পাদিকা মিসেস হেলা দাস অবিলম্বে মাধ্যমিক স্কুলের সঙ্গে যুক্ত প্রাথমিক শাখার ছাত্রছাত্রীদের বিনামূল্যে বই বিতরণের পদক্ষেপ গ্রহণের দাবী জানিয়েছেন।

মঙ্গলবার এক বিবৃতিতে তারা বলেন, প্রাথমিক স্কুলসমূহে বই বিতরণের পদ্ধতিগত প্রক্রিয়া শুরু হয়েছে। অর্থাৎ মাধ্যমিক স্কুলসমূহের ব্যাপারে কোন পদক্ষেপই নেয়া হয়নি। এবার মাধ্যমিক স্কুলের সঙ্গে যুক্ত প্রাথমিক শাখার জন্য বিনামূল্যে বই বিতরণ না করার চিন্তা-ভাবনা চলছে বলে জানা গেছে। তারা বলেন, এই ধরনের কোন সিদ্ধান্ত নেয়া হলে মাধ্যমিক স্কুলে অধ্যয়নরত প্রাথমিক ছাত্র-ছাত্রীদের পড়াশুনার ক্ষেত্রে গভীর সংকট সৃষ্টি হবে। খোলাবাজারে প্রাথমিক বই পাওয়া যাবে না। বাধ্য হয়ে অভিভাবকদের কালোবাজারের দারিদ্র্য হতে হবে।